

Times Today BD

আন্তর্জাতিক ডেস্ক | আন্তর্জাতিক | 03 May, 2025

প্রায় দুই দশক ধরে ইচ্ছে করে নিজ শরীরে সাপের বিষ প্রয়োগ করা এক মার্কিন ব্যক্তির রক্ত একটি 'অতুলনীয়' অ্যান্টিভেনম তৈরি করেছে বলে জানিয়েছেন বিজ্ঞানীরা

বিবিসি জানায়, প্রাণীর ওপর পরীক্ষায় টিম ফ্রিড নামের ওই ব্যক্তির রক্তে পাওয়া অ্যান্টিবিডি বিশ্বজুড়ে সাপের বিস্তৃত প্রজাতির মারাত্মক বিষের বিরুদ্ধে কার্যকর ফল দিয়েছে।

বর্তমানে প্রচলিত অ্যান্টিভেনম সাধারণত একটি নির্দিষ্ট প্রজাতির সাপের বিষের বিরুদ্ধে কার্যকর।

ফ্রিডের ১৮ বছরের এই দুঃসাহসিক যাত্রা ভবিষ্যতে সব ধরনের বিষাক্ত সাপের কামড়ের চিকিৎসায় একটি সার্বজনীন অ্যান্টিভেনম খুঁজে পাওয়ার ক্ষেত্রে বৈপ্লবিক ভূমিকা রাখতে পারে।

মাম্বা, কোবরা, তাইপান ও ক্রেইটসহ বিশ্বের ভয়ঙ্কর প্রাণঘাতী কিছু সাপের একাধিক প্রজাতির ২০০টিরও বেশি কামড় সহ্য করেছেন টিম ফ্রিড। এছাড়াও, এসব সাপের বিষের ৭০০টিরও বেশি ইনজেকশন শরীরে পুশ করেছেন তিনি।

প্রথমে ইউটিউব ভিডিও তৈরি করতে গিয়ে বিষাক্ত সাপ নাড়াচাড়ার সময় নিজেকে রক্ষার জন্য প্রতিরোধ ক্ষমতা গড়ে তুলতে চেয়েছিলেন তিনি।

সাবেক এই ট্রাক মেকানিক জানান, প্রথমদিকে তিনি সম্পূর্ণ ভেঙে পড়েছিলেন, যখন পরপর দুটি কোবরার কামড় তাকে কোমায় পাঠিয়ে দেয়।

তিনি বিবিসিকে বলেন, 'আমি মরতে চাইনি। আমি একটি আঙুলও হারাতে চাইনি। আমি কাজ মিস করতে চাইনি।

ফ্রিডের অনুপ্রেরণা ছিল গোটা বিশ্বের জন্য আরও ভালো খেরাপি তৈরি করা। তার ভাষে, 'এটি কেবল একটি জীবনধারায় পরিণত হয়েছে এবং আমি যতটা ধাক্কা দিতে পারি ততটা ধাক্কা দিতে থাকি এবং ধাক্কা দিতে থাকি- আমার থেকে আট হাজার মাইল দূরে যারা সাপের কামড়ে মারা যায় তাদের জন্য।

অ্যান্টিভেনম টিম ফ্রিড

Generated on 28 June, 2025 07:16

URL: <https://www.timestodaybd.com/international/7758071825>